# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬০০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - মৃত্যু কামনা ও মৃত্যুকে স্মরণ করা

بَابُ تَمَنِّي الْمَوْتِ وَذِكْرِه

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا يَتَمَنَّيَنَّ أَحَدُكُمُ الْمَوْتَ مِنْ ضُرٍّ أَصَابَهُ فَإِنْ كَانَ لابد فَاعِلًا فَلْيَقُلِ: اللَّهُمَّ أَحْيِنِي مَا كَانَتِ الْحَيَاةُ خَيْرًا لِي وَتَوَفَّنِي إِذَا كَانَتِ الْوَفَاةُ خَيْرًا لي

বাংলা

১৬০০-[৩] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যেন কোন দুঃখ-কষ্টের কারণে মৃত্যুর আকাঙ্ক্ষা না করে। যদি এ ধরনের আকাঙ্ক্ষা করতেই হয় তাহলে যেন সে বলে,

’’আল্ল-হুম্মা আহয়িনী মা- কা-নাতিল হায়া-তু খায়রাল লী ওয়াতা ওয়াফ্‌ফানী ইযা- কা-নাতিল ওয়াফা-তু খায়রাল লী’’

(অর্থাৎ হে আল্লাহ! আমার জীবন আমার জন্য যতক্ষণ কল্যাণকর হয়, আমাকে বাঁচিয়ে রেখ। আর আমাকে মৃত্যুদান করো যদি মৃত্যুই আমার জন্য কল্যাণকর হয়।) (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৬৭১, মুসলিম ২৬৮০, আবূ দাঊদ ৩১০৮, আত্ তিরমিযী ৯৭০, নাসায়ী ১৮২০, ইবনু মাজাহ্ ৪২৬৫, ইবনু আবী শায়বাহ্ ২৯৩৪৭, আহমাদ ১১৯৭৯, ১৩০২০, ইবনু হিব্বান ৯৬৮, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৫৬৫, শু‘আবুল ঈমান ৯৬৭৩, সহীহ আত্ তারগীব ৩৩৭০, সহীহ আল জামি‘ আস্ সগীর ৭৬১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাফিয ইবনে হাজার বলেন, সালফে সালিহীনদের মতে মৃত্যু কামনার নিষেধাজ্ঞা শুধুমাত্র দুনিয়ার মুসীবাতের উপর প্রযোজ্য তবে যদি দীনের মধ্যে ফিৎনার আশংকা থাকে তাহলে মৃত্যু কামনা বৈধ। যেমনটি ইবনু হিব্বান-এর বর্ণনা (لَا يَتَمَنَّيَنَّ أَحَدُكُمُ الْمَوْتَ لِضُرِّ نَزَلَ بِه فِى الدُّنْيَا) তোমাদের মধ্যে কেউ যেন মৃত্যু কামনা না করে দুনিয়ার মুসীবাতের কারণে।

এটা প্রামাণ করে দুনিয়ার মুসীবাতের কারণ। অনুরূপ ‘উমার (রাঃ) বিন খাত্ত্বাব (রাঃ)ও করেছেন যেমনটি মুয়াত্ত্বা মালিকে এসেছে, (اَللّٰهُمَّ كَبُرَتَ سِنِّيْ وَضَعُفَتْ قُوَّتِى وَانَتَشَرَتْ رَعِيْتِيْ فَاقْبِضْنِيْ إِلَيْكَ غَيْرَ مُضِيْعٍ وَلَا مُفْرِطٍ) ‘উমার (রাঃ) দু‘আ করতেন, হে আল্লাহ! আমার বয়স বেড়েছে শক্তি কমেছে এবং আমার অধিনস্থ প্রজাগণও বেড়েছে আমাকে তোমার নিকট উঠিয়ে নাও কোন প্রকার ক্ষতি সাধন ও সীমালঙ্ঘন ছাড়াই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56160

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন